

স্মারক নং- ইআবি/পনি/কামিল ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২২/২০২৪/ ৩৫৬

২৩/০৬/২০২৪খ্রি.

বিজ্ঞপ্তি


কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২২ পরীক্ষার্থীদের মূল স্বাক্ষরলিপি, অব্যবহৃত মূল ও অতিরিক্ত উত্তরপত্র, অনুপস্থিত ও বহিষ্কার তালিকা, মৌখিক ও টিউটোরিয়াল নম্বরসহ আনুষঙ্গিক মালামাল জমাদান প্রসঙ্গে।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরিচালিত কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২২ এর কামিল পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরীক্ষা কেন্দ্রের আওতাধীন সকল মাদরাসার পরীক্ষার্থীদের নিম্নবর্ণিত কাগজপত্র মাদরাসা ভিত্তিক বাঁধাই করে (মূলকপি) কেন্দ্রের অধীনস্থ মাদরাসার অধ্যক্ষের নাম, ঠিকানা ও মোবাইল নম্বরসহ পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে আগামী ১৫/০৭/২০২৪ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হল।

- ক. পরীক্ষার্থীর মূল স্বাক্ষরলিপি (পর্ব ভিত্তিক বই আকারে বাঁধাই করে)।
- খ. ট্রাংক (তালা-চাবিসহ)।
- গ. পরীক্ষার্থীর উপস্থিত-অনুপস্থিত ও বহিষ্কার তালিকার অনলাইন প্রিন্ট কপি।
- ঘ. অব্যবহৃত মূল ও অতিরিক্ত উত্তরপত্রসমূহ অবশ্যই জমা দিতে হবে।
- ঙ. মৌখিক ও টিউটোরিয়াল নম্বর ওয়েবসাইটের মাধ্যমে নিশ্চিত করে অনলাইন প্রিন্ট কপি।
- চ. আসন বিন্যাস, প্রশ্নপত্র খোলার সার্টিফিকেট, ডি-আর, টপশিট এবং কক্ষ পরিদর্শক তালিকা।

উল্লেখ্য যে, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে দাখিলকৃত সকল কাগজপত্রের ফটোকপি একসেট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ফলাফল প্রকাশের পর ১ (এক) বছর পর্যন্ত সংরক্ষণ করবেন।


বি.দ্র: অনুপস্থিত ও বহিষ্কৃত পরীক্ষার্থীদের তালিকা ওয়েবসাইটের মাধ্যমে নিশ্চিত করতে হবে।

  
(এ, কে, এম আক্তারুজ্জামান)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
তারিখ: ২৩/০৬/২০২৪ খ্রি.

স্মারক নং- ইআবি/পনি/কামিল ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২২/২০২৪/ ৩৫৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। পরিচালক, অর্থ, হিসাব ও নিরীক্ষা বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, অধ্যক্ষ কামিল পরীক্ষা কেন্দ্র ও বিশ্ববিদ্যালয়ের আওতাধীন সকল কামিল মাদরাসা।
- ৫। ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলরের মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আই.সি.টি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দফতর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৮। অফিস কপি।

  
২৩/০৬/২৪  
(মোঃ সালাহ উদ্দিন)  
সেকশন অফিসার  
পরীক্ষা নিয়ন্ত্রক দফতর, কামিল শাখা  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।